

Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 28 May, 2025

মুন্সীগঞ্জ জেলার টঙ্গীবাড়ী উপজেলার ০৯ নং কামারখাড়া ইউনিয়ন পরিষদের ২০২৫-২৬ অর্থবছরের উনুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। ২৭ মে, মঙ্গলবার বেলা ৯:৩০ ঘটিকায় কামারখাড়া ইউনিয়ন পরিষদের হল রুমে প্যানেল চেয়ারম্যান-১ মনিরুজ্জামানের সভাপতিত্বে ১ কোটি ৯ লাখ ২৬ হাজার ৪২৬ টাকার ২০২৫-২৬ অর্থ বছরের সম্ভাব্য এ বাজেট ঘোষণা করেন প্রশাসনিক কর্মকর্তা মেহেদী হাসান।

উন্মুক্ত বাজেটের বিবরণ :নিজস্ব আয়: ২০,৬০,০০০ টাকা,,উন্নয়ন আয় : ৮৮,৬৬,৪২৬টাকা
নিজস্ব ব্যয় : ২০,০১,৭০০টাকা ,উন্নয়ন ব্যয়: ৮৮,৬৬,৪২৬টাকা,উদ্বৃত্ত : ৫৮,৩০০ টাকা উক্ত সভায় আরো উপস্থিত ছিলেন ইউপি সদস্য মামুন পেয়াদা, নজরুল ইসলাম মোল্লা, ইলিয়াস মুন্সি, নিজাম মৃধা, রিপন মোল্লা, পারভীন, সেলিনা বেগম, আসমা, ভাঙ্গুনীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খলিলুর রহমান, উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ রিয়াজুল ইসলাম সিয়াম, রাজনৈতিক ব্যক্তিত্ব মোঃ মামুন মোল্লা ,মুক্তিযোদ্ধা সন্তান মোঃ রিয়াজ খান,উপজেলা কো-অর্ডিনেটর মোঃ সালাউদ্দিন সহ সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি এবং এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বাজেট সম্পর্কে ইউপি সদস্য নজরুল ইসলাম মোল্লা বলেন,এই বাজেট জনকল্যানমূলক ও নাগরিকের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়ক বাজেট, রাজনৈতিক ব্যক্তিত্ব মামুন মোল্লা বলেন, নাগরিকসেবার মান উন্নয়নে রাজস্ব আদায় বৃদ্ধিতে জনগনকে সচেতন হতে হবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:40

URL: <https://www.timestodaybd.com/public/dhaka/3070807958>